

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.৯৬৩

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৬

১১ ডিসেম্বর ২০১৯

বিষয়: বিভিন্ন খাতে বিলি বিতরণের জন্য সড়ক পথে ১০৫০০ মে.টন গমের চলাচল সূচি।

- সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ০৪/১২/২০১৯ খ্রি. তারিখের  
১৩.০১.০০০০.২১২.৫০.০০৩.১৯-৫৫১৩ নং স্মারক।  
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ০৯/১২/২০১৯ খ্রি. তারিখের  
১৩.০১.০০০০.২১২.৫০.০০৩.১৯.৫৫৭৩ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সেনা, ইপি/ওপি, ময়দাকল সহ অন্যান্য খাতে বিতরণের জন্য সূত্রস্থ স্মারকদ্বয়ে গমের চাহিদা প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে চট্টগ্রাম বিভাগের কতিপয় এলএসডি/সিএসডিতে ইপি, ওপি, ময়দাকলসহ অন্যান্য খাতে বিলি-বিতরণের জন্য এবং চট্টগ্রাম বন্দরে আগতব্য জাহাজ খালাসের স্বার্থে আশুগঞ্জ সাইলোতে দীর্ঘ মজুত গড়ে তোলায় নিমিত্তে সাশ্রয়ী রুট, বর্তমান মজুত ও চাহিদা বিবেচনা করে সড়ক পথে মোট ১০৫০০ মে.টন গমের চলাচল সূচি নিম্নোক্তভাবে নির্দেশক্রমে জারি করা হলো।

সড়ক পথে গমের চলাচল সূচিঃ

ক্র. নং	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	চট্টগ্রাম সাইলো	চট্টগ্রাম	দেওয়ানহাট সিএসডি	৩০০০	গম	সড়ক	চসনি, চট্টগ্রাম উপ-সূচি জারি করবেন।
২.	ঐ	ব্রাহ্মণবাড়িয়া	আশুগঞ্জ সাইলো	৭০০০	ঐ	ঐ	ঐ
৩.	আশুগঞ্জ সাইলো	ঐ	ব্রাহ্মণবাড়িয়া এলএসডি	৫০০	ঐ	ঐ	জেথানি, ব্রাহ্মণবাড়িয়া উপ-সূচি জারি করবেন।
			মোট	১০৫০০			

পরিবহণের ক্ষেত্রে পালনীয় নির্দেশনাবলিঃ

- ১। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম এবং আশুগঞ্জ সাইলো প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন;  
২। আখানি/চসনি/জেথানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন;

৩। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম/সমস্যা উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং ত্বরিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন;

৪। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না;

৫। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য যে, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথকাতে প্রদর্শন করা যাবে না;

৬। ভি-ইনভয়েসে গমে গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;


৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;

৯। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১০। সূচির মেয়াদ আগামী ১৮/১২/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;

১১। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা যেতে পারে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।



১১-১২-২০১৯

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক

প্রাপক :

১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের

কার্যালয়, চট্টগ্রাম

২) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো

৩) সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো

৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া, চট্টগ্রাম।

৫) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক(খাদ্য), চট্টগ্রাম।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.৯৬৩/১

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৬

১১ ডিসেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর


৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর

৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক ....., ।

৮) ব্যবস্থাপক, ....., সিএসডি।

৯) ভারপ্রাপ্ত কর্মকর্তা ....., এলএসডি।



১১-১২-২০১৯

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক